# সারাদেশে দ্বিতীয় পর্যায়ে খাল খননের কাজ এগিয়ে চলেছে

দেশের সর্বস্তরের জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে দেশব্যাপী খাল খনন ও পুনর্খননের দ্বিতীয় পর্যায়ের কাজ পূর্ণোদ্যমে এগিয়ে চলেছে।

কুমিল্লাঃ কুমিল্লা জেলার সদর উত্তর মহকুমায় খাল খনন ও পুনর্খনন কর্মসূচীতে এ বছর ৫৬ মাইল দীর্ঘ ৭টি খাল পুনর্খননের কাজ হাতে নেয়া হয়। এ ৭টি পুনর্খনন প্রকল্পের ৪টি প্রকল্পে মাটি কাটার কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ৩টি প্রকল্পে মাটি কাটার কাজ পুরোদমে এগিয়ে চলেছে। যেসব প্রকল্পে মাটি কাটার কাজ শেষ হয়েছে সেগুলো হচ্ছে দেবিদ্বার থানার বালিবাড়ি, ভিংলাবাড়ি এবং গুরাদারা। প্রতিটি খালের দৈর্ঘ্য সাড়ে ৯ মাইল, প্রস্থ ১৮ ফুট এবং গভীরতা ৮ ফুট। এসব প্রকল্প বাস্তবায়নের ফলে মোট ৬ হাজার একর জমি অতিরিক্ত সেচ সুবিধে পাবে। এছাড়া চান্দিনা থানার অন্তর্গত ঢাকা-চট্টগ্রাম সড়কের পার্শ্ববর্তী ইলিয়টগঞ্জ কুটুমপুর প্রকল্প এবং সংযোগকারী খাদঘর ও মিরগঞ্জ খালে মাটি কাটার কাজও শেষ হয়েছে। খালটির দৈর্ঘ্য ৬ মাইল, প্রস্থ ১৫ ফুট এবং গভীরতা ৭ ফুট। প্রকল্পটি বাস্তবায়িত হওয়ার ফলে প্রায় ২ হাজার একর জমি অতিরিক্ত সেচ সুবিধে পাবে।

দাউদকান্দি থানার কেতুনি ও মাঝিবাড়ি- আসমানিয়া উলুকান্দি খাল খনন প্রকল্প দুটিতে মাটি কাটার কাজ শেষ হয়েছে। কেতুনি খালের দৈর্ঘ্য ৫ মাইল, প্রস্থ সাড়ে ২২ ফুট এবং গভীরতা ৯ ফুট। প্রকল্পটি বাস্তবায়নের ফলে ২ হাজার একর জমি অতিরিক্ত সেচ সুবিধে পাবে। মাঝিবাড়ি-আসমানিয়া উলুকান্দি খালের দৈর্ঘ্য সাড়ে ৬ মাইল, প্রস্থ ৩৯ ফুট এবং গভীরতা ১১ ফুট। এ প্রকল্পটি বাস্তবায়নের ফলে ১০ হাজার একর জমি অতিরিক্ত সেচ সুবিধে পাবে।

মুরাদনগর থানার পূর্বধইর বাংগরা খাল পুনর্খননের কাজ শেষ হয়েছে। খালটির দৈর্ঘ্য ১১ মাইল, প্রস্থ ২৫ ফুট এবং গভীরতা ১০ ফুট। প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রায় ৬ হাজার একর জমি অতিরিক্ত সেচ সুবিধে পাবে। এছাড়া, এ থানার দারোগার খাল প্রকল্পে মাটি কাটার কাজ পূর্ণোদ্যমে এগিয়ে চলেছে। খালটির দৈর্ঘ্য ৬ মাইল প্রস্থ ৩৫ ফুট এবং গভীরতা ৮ ফুট। এ খালটি খনন শেষে এ এলাকার ২ হাজার একর জমি অতিরিক্ত সেচ সুবিধে পাবে।

হোমনা থানার ৬ মাইল দীর্ঘ, ৩০ ফুট প্রস্থ এবং ৬ ফুট গভীর বাগমারা আলীপুর খাল পুনর্খনন প্রকল্পের কাজও যথারীতি এগিয়ে চলেছে। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে ২ হাজার ৫শ' একর জমি অতিরিক্ত সেচ সুবিধে পাবে। খবর তথ্য বিবরণীর।